

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক পরিচালকের কার্যালয়  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
খুলনা বিভাগ।



ওয়েব সাইট : [www.rdotekhulna.gov.bd](http://www.rdotekhulna.gov.bd)

স্মারক নং : ৫৭.০৩.৩৩৪৫.১০১.৯৯.০০১.২৩-৫৬

তারিখ : ১৩/০৩/২০২৩ খ্রি.

বিষয়: “১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৩” উদযাপনের লক্ষ্যে ১৩.০৩.২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইসরাইল হোসেন, উপসচিব,  
পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ।  
তারিখ ও সময় : ১৩.০৩.২০২৩ খ্রিঃ সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা  
স্থান : পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ।

সভাপতি সভার প্রারম্ভে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করে উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি আরো জানান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস আমাদের জাতীয় জীবনে বিশেষভাবে গুরুত্বপূর্ণ। বঙ্গবন্ধুকে টুঞ্জীপাড়ায় সমাহিত করা হয়েছে বলে টুঞ্জীপাড়ায় মূল অনুষ্ঠান পরিচালিত হলেও সারাদেশে যথাযোগ্য মর্যাদায় এ দিবস উদযাপন করা হয়। তিনি বলেন জাতির পিতার জন্মদিনে বাংলাদেশের সকল শিশু যাতে আনন্দ ও উৎসবের আমেজে দিনটি উদযাপন করে আগামী দিনের যোগ্য নাগরিক হিসেবে নিজেদের গড়ে তুলতে পারে সেজন্যই দিনটিকে জাতীয় শিশু দিবস হিসেবে উদযাপন করা হয়। প্রতি বছরের ন্যায় এ বছরও যথাযোগ্য মর্যাদায় “১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৩” উদযাপন করা হবে জানিয়ে তিনি সহকারী আঞ্চলিক পরিদর্শক জনাব সুসান্ত কুমার সাহা-কে সভার কার্যপত্র উপস্থাপনের অনুমতি দেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে “১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৩” যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নিয়োক্ত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনার বিষয়  | সিদ্ধান্ত  |
|--|--|
| ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন | ১.১ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন।<br>১.২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ (জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে)।<br>১.৩ ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে কেককাটা।<br>১.৪ “উন্নত সোনারবাংলা বিনির্মাণে জাতির পিতার ভাবনা” বিষয়ক আলোচনা সভা (সকাল ১১.০০ ঘটিকা)।<br>১.৫ “বঙ্গবন্ধু ও বাংলাদেশের স্বাধীনতা” শিরোনামে রচনা প্রতিযোগিতার আয়োজন (ই-মেইল/ডাকযোগে)।<br>১.৬ কবিতা আবৃত্তি (বঙ্গবন্ধুর উপর লিখিত কবিতা) প্রতিযোগিতার আয়োজন।<br>১.৭ চিত্রাংকন প্রতিযোগিতা (শিশুদের জন্য)।<br>১.৮ দোয়া-মাহফিল (বাদ যোহর)। |

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষর

(মোঃ ইসরাইল হোসেন)

পরিচালক (উপসচিব)

তারিখ : ১৩/০৩/২০২৩ খ্রি.

স্মারক নং : ৫৭.০৩.৩৩৪৫.১০১.৯৯.০০১.২৩-৫৬(৪)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ।

৩। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।

৪। সংরক্ষণ নথি।

(মোঃ ইসরাইল হোসেন)

পরিচালক (উপসচিব)

কারিগরি শিক্ষা অধিদপ্তর

খুলনা বিভাগ।

ই-মেইল:

[rdokhulna@gmail.com](mailto:rdokhulna@gmail.com)

ফোন: ০২৪৭৭০০৩৪১